গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

নং বিইআরসি/কমিশন সভা/প্রশাঃ২৪৮/২০১৭/৩৮-৮৩

তারিখঃ ০২ আগস্ট ২০১৭

বিষয় ঃ ১৫৬ তম কমিশন সভার কার্যবিবরণী।

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের ১৫৬ তম কমিশন সভা ২ আগস্ট, ২০১৭ তারিখ বুধবার সকাল ১১:০০ টায় কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। কমিশনের চেয়ারম্যান মনোয়ার ইসলাম সভায় সভাপতিত্বে করেন। সভার উপস্থিতি পরিশিষ্ট "ক" তে উল্লেখ করা হলো।

২। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে কমিশনের সচিব সভার আলোচ্যসূচি অনুযায়ী কার্যক্রম উপস্থাপন করেন। প্রতিটি বিষয় বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

| ক্রমিক নং (সিএম) | আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|
| ১৫৬/১ | আলোচ্য বিষয়: ১৫৫তম কমিশন সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।<br><br>সিদ্ধান্ত : ১৫৫তম কমিশন সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। | |
| ১৫৬/২ | আলোচ্য বিষয়: ১৫৫তম কমিশন সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।<br><br>সিদ্ধান্ত: ১৫৫তম কমিশন সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনায় সন্তোষ প্রকাশ করা হয় এবং প্রক্রিয়াধীন/অবাস্তবায়িত কার্যক্রমসমূহ দ্রুত বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করা হয়। | সচিব এবং সংশ্লিষ্ট পরিচালকগণ |
| ১৫৬/৩ | আলোচ্য বিষয়: বিদ্যুৎ উৎপাদনের জন্য ৬ (ছয়) টি প্রতিষ্ঠানের অনুকূলে লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট অনুমোদন সম্পর্কে।<br><br>সিদ্ধান্ত: দাখিলকৃত আবেদন ও প্রয়োজনীয় সকল কাগজপত্র/তথ্যাদি যাচাই-বাছাইপূর্বক ফিস বাবদ নির্ধারিত টাকা পরিশোধ করায় নির্ধারিত শর্ত সাপেক্ষে নিয়োক্ত ৬ (ছয়) টি প্রতিষ্ঠানের অনুকূলে মোট ২৭৪০ কি:ও: ক্ষমতা সম্পন্ন ডিজেল/গ্যাসভিত্তিক জেনারেটরের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদনের জন্য ইস্যুর তারিখ হতে ৩ (তিন) বছর মেয়াদে লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট প্রদানের অনুমোদন প্রদান করা হয়:<br><br>১. অরাম সোয়েটার লিমিটেড [ ২৪৯/১, তেলিপাড়া, চন্দনা চৌরাস্তা, গাজীপুর সদর, গাজীপুর, বাংলাদেশ] এর অনুকূলে ৮০০ কি:ও: [৪০০ + ৪০০] (ডিজেলভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা;<br><br>২. তামাই নীট ফ্যাশন লিমিটেড [প্লট নং: বি-৭০/৭১/৭২/৮৭, কেওয়া শিল্প এলাকা, ফতুল্লা, নারায়ণগঞ্জ] এর অনুকূলে ৫৫০ কি:ও: (ডিজেলভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা;<br><br>৩. সিজি গার্মেন্টস কো. লিমিটেড [এস. এ. প্লট নং: ৪৭, বিসিক শ্রীপুর, গাজীপুর] এর অনুকূলে ৪৭০ কি:ও: [৪৪০ + ৩০] (ডিজেলভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা;<br><br>৪. ম্যাগপাই নীট ওয়্যার লিমিটেড (ইউনিট-২) [আমতলা, কাঠগড়া, সাভার, ঢাকা] এর অনুকূলে ৪৪০ কি:ও: (ডিজেলভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা;<br><br>৫. ইলহাম ফ্যাশন লিমিটেড [৩৬৬, উত্তর খাইলকুর, বট তলা, বোর্ড বাজার, গাজীপুর] এর অনুকূলে ৩৬০ কি:ও: (ডিজেলভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা;<br><br>৬. এমআরএস ইন্ডাস্ট্রিজ লিমিটেড, সিএনজি ফিলিং স্টেশন [গ্রাম: দিয়ার বাঘাইল, উপজেলা: ঈশ্বরদী, জেলা: পাবনা] এর অনুকূলে ১২০ কি:ও: (গ্যাসভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা। | পরিচালক (বিদ্যুৎ) |

| | | |
|---|---|---|
| ১৫৬/৪ | আলোচ্য বিষয়: বিদ্যুৎ উৎপাদনের জন্য ২ (দুই) টি প্রতিষ্ঠানের অনুকূলে সংশোধিত লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট অনুমোদন সম্পর্কে।<br><br>সিদ্ধান্ত: দাখিলকৃত আবেদন ও প্রয়োজনীয় সকল কাগজপত্র/তথ্যাদি যাচাই-বাছাইপূর্বক ফিস বাবদ নির্ধারিত টাকা পরিশোধ করায় নির্ধারিত শর্ত সাপেক্ষে নিম্নোক্ত ২ (দুই) টি প্রতিষ্ঠানের অনুকূলে মোট ১৫৪৪ কি:ও: ক্ষমতাসম্পন্ন ডিজেলভিত্তিক জেনারেটরের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদনের জন্য সংশোধিত লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট প্রদানের অনুমোদন প্রদান করা হয়:<br><br>১. সাউদার্ন ক্লথিংস লিমিটেড [জিরাবো, আশুলিয়া, সাভার, ঢাকা-১৩৪১] এর অনুকূলে ৬৩৬ কি:ও: [৩২০ + ৫২ + ২৬৪] এর পরিবর্তে ৭০৪ কি:ও: [২৬৪ + ৪৪০] (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, মেয়াদ: ৩১/৩/২০১৬ হতে ৩০/৩/২০২০;<br><br>২. ইউনিক ডিজাইনার'স লিমিটেড [কলমেশ্বর, কে. বি. বাজার, গাজীপুর] এর অনুকূলে ৬৬৪ কি:ও: [৪০০ + ২৬৪] এর পরিবর্তে ৮৪০ কি:ও: [৪০০ + ৪৪০] (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা, মেয়াদ: ৩/৪/২০১৭ হতে ২/৪/২০২০। | পরিচালক (বিদ্যুৎ) |
| ১৫৬/৫ | আলোচ্য বিষয়: বিদ্যুৎ উৎপাদনের জন্য ১(এক)টি প্রতিষ্ঠানের অনুকূলে ক্যাপটিভ পাওয়ার প্লান্ট (সিপিপি) ক্যাটাগরির সংশোধিত লাইসেন্স অনুমোদন সম্পর্কে।<br><br>সিদ্ধান্ত: নির্ধারিত শর্ত সাপেক্ষে ক্যাপটিভ পাওয়ার প্লান্ট ক্যাটাগরির নিম্নোক্ত ১ (এক) টি প্রতিষ্ঠানের অনুকূলে মোট ২.৮৪ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের জন্য সংশোধিত লাইসেন্স লাইসেন্স অনুমোদন করা হয়:<br><br>১. লেনি ফ্যাশনস লিমিটেড, প্লট নং- ৬৬-৬৮, ডিইপিজেড, গণকবাড়ি, সাভার, ঢাকা;<br>বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের অবস্থান: প্লট-৬৬-৬৮, এসএফবি-১, এসএফবি-৮, ডিইপিজেড, গণকবাড়ি, সাভার, ঢাকা;<br>বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা: ২.৮৪ মেগাওয়াট [ ১২০০ কি.ও. (ডিজেল)+৬৪০ কি.ও. (ডিজেল)+১০০০ কি.ও. (ডিজেল)]। | পরিচালক (বিদ্যুৎ) |
| ১৫৬/৬ | আলোচ্য বিষয়: মোশাররফ কম্পোজিট টেক্সটাইল মিলস লিমিটেড এর ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্টের মাধ্যমে উৎপাদিত বিদ্যুৎ সহযোগী প্রতিষ্ঠানসমূহে সরবরাহের অনুমোদন সম্পর্কে।<br><br>সিদ্ধান্ত: মোশাররফ কম্পোজিট টেক্সটাইল মিলস লিমিটেড এর ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্টের মাধ্যমে উৎপাদিত বিদ্যুৎ সহযোগী প্রতিষ্ঠানসমূহে সরবরাহের অনুমোদন প্রদানের আবেদনটি আরও পরীক্ষা-নিরীক্ষা করার সিদ্ধান্ত গৃহিত হয়। | পরিচালক (বিদ্যুৎ) |
| ১৫৬/৭ | আলোচ্য বিষয়: আনোয়ার ইস্পাত লিমিটেড এর ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্ট হতে ন্যূনতম ১ মেগাওয়াট বিদ্যুৎ বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক ক্রয়ের চুক্তিপত্র অনুমোদন সম্পর্কে।<br><br>সিদ্ধান্ত:<br>(ক) আনোয়ার ইস্পাত লিমিটেড এর ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্ট হতে ন্যূনতম ১ মেগাওয়াট বিদ্যুৎ বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক ক্রয়ের চুক্তিপত্র অনুমোদনের বিষয়টি পুনরায় পরীক্ষা-নিরীক্ষা করতে হবে।<br><br>(খ) Policy Guideline for Power Purchase from Captive Power Plant ও Policy Guidelines for Enhanchment of Private Participation in the Power Sector, 2008 রিভিউ করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার অনুরোধ জানিয়ে সচিব, বিদ্যুৎ বিভাগ বরারব পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | পরিচালক (বিদ্যুৎ) |
| ১৫৬/৮ | আলোচ্য বিষয়: নর্থওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড এর ১২/২/২০১৭ হতে ১১/২/২০১৮ মেয়াদে লাইসেন্স নবায়ন ফিস এর সমপরিমাণ আরোপিত বিলম্ব ফিস ও ১২/২/২০১০ হতে ১১/২/২০১৬ মেয়াদে লাইসেন্স ফিস মওকুফকরণ সম্পর্কে।<br><br>সিদ্ধান্ত: নর্থওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড এর ১২/২/২০১৭ হতে ১১/২/২০১৮ মেয়াদে লাইসেন্স নবায়ন ফিস এর সমপরিমাণ আরোপিত বিলম্ব ফিস ও ১২/২/২০১০ হতে ১১/২/২০১৬ মেয়াদে লাইসেন্স ফিস মওকুফকরণের বিষয়টি আরও পরীক্ষা-নিরীক্ষা করার সিদ্ধান্ত গৃহিত হয়। | পরিচালক (বিদ্যুৎ) |

| | | |
|---|---|---|
| ১৫৬/৯ | আলোচ্য বিষয়: পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিমিটেড এর ১০/১/২০১৭ হতে ৯/১/২০১৮ মেয়াদে লাইসেন্স নবায়ন ফিস এর সমপরিমাণ আরোপিত বিলম্ব ফিস মওকুফকরণ সম্পর্কে।<br><br>সিদ্ধান্ত: ১০/১/২০১৭ হতে ৯/১/২০১৮ মেয়াদে লাইসেন্স নবায়নের নিমিত্তে নবায়ন ফিস বাবদ ১০.০০ (দশ) লক্ষ টাকা মেয়াদুত্তীর্ণের ৬০ দিন পর কমিশনে দাখিল করায় নবায়ন ফিসের সমপরিমাণ অর্থ জরিমানা বাবদ ১০.০০ (দশ) লক্ষ টাকা মওকুফ করার সুয়োগ নেই মর্মে কমিশন সিদ্ধান্ত গ্রহণ করে। | পরিচালক (বিদ্যুৎ) |
| ১৫৬/১০ | আলোচ্য বিষয়: সিঙ্কেন সুইং লিমিটেড এর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা আরোপ সম্পর্কে।<br><br>আলোচনা: সভায় জানানো হয় যে, সিঙ্কেন সুইং লিমিটেড [বানিয়ার চালা (মেম্বার বাড়ি), ভবানীপুর, গাজীপুর] কর্তৃক ৩১০ কি:ও: বিদ্যুৎ উৎপাদনের জন্য গত ৯ জানুয়ারি, ২০১৪ তারিখে কমিশন হতে লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট প্রদান করে। উক্ত সার্টিফিকেটের মেয়াদ ৮ জানুয়ারি, ২০১৭ তারিখে উত্তীণ হয়েছে।<br>প্রতিষ্ঠানটি গত ৬ মার্চ, ২০১৭ তারিখে সার্টিফিকেটটির মেয়াদ বৃদ্ধির জন্য কমিশন বরাবর আবেদন করে। সে প্রেক্ষিতে প্রতিষ্ঠানটিকে পূর্বের সার্টিফিকেটের কপি জমা প্রদানের জন্য মৌখিকভাবে অবহিত করা হলে প্রতিষ্ঠানটি ১৬০ কি:ও: এবং ১৯২ কি:ও: বিদ্যুৎ উৎপাদনের জন্য পৃথক দুইটি সার্টিফিকেট কমিশন বরাবর দাখিল করে, যা পরীক্ষান্তে নকল বলে প্রমাণীত হয়।<br><br>কমিশনের লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট নকল করায় প্রতিষ্ঠানটির বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেয়ার বিষয়ে সভায় একমত পোষণ করা হয় এবং তাদের লাইসেন্স আবেদন পাওয়ার পর কমিশন হতে লাইসেন্স প্রদান প্রক্রিয়ায় বিলম্ব হয়েছে কি না সে বিষয়ে সভায় জানতে চাওয়া হয়।<br><br>সিদ্ধান্ত: সিঙ্কেন সুইং লিমিটেড [বানিয়ার চালা (মেম্বার বাড়ি), ভবানীপুর, গাজীপুর] এর বিরুদ্ধে লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট জালিয়াতির বিষয়ে তদন্ত করে সুপারিশসহ একটি প্রতিবেদন কমিশনের নিকট উপস্থাপন করতে হবে। | পরিচালক (বিদ্যুৎ) |
| ১৫৬/১১ | আলোচ্য বিষয়: 'সংকুচিত প্রাকৃতিক গ্যাস (সিএনজি) রিফুয়েলিং স্টেশন নিরাপত্তা কোড ও স্ট্যান্ডার্ড প্রবিধানমালা, ২০১২' ও'যানবাহনের সংকুচিত প্রাকৃতিক গ্যাস (সিএনজি) জ্বালানি ব্যবস্থার নিরাপত্তা কোড ও স্ট্যান্ডার্ড প্রবিধানমালা, ২০১২' সম্পর্কে।<br><br>সিদ্ধান্ত: সংকুচিত প্রাকৃতিক গ্যাস (সিএনজি) রিফুয়েলিং স্টেশন নিরাপত্তা কোড ও স্ট্যান্ডার্ড প্রবিধানমালা, ২০১২ এবং যানবাহনের সংকুচিত প্রাকৃতিক গ্যাস (সিএনজি) জ্বালানি ব্যবস্থার নিরাপত্তা কোড ও স্ট্যান্ডার্ড প্রবিধানমালা, ২০১২ পর্যালোচনাপূর্বক পরবর্তী সময়ে উপস্থাপন করতে হবে। | পরিচালক (গ্যাস) |
| ১৫৬/১২ | আলোচ্য বিষয়: এলপিজি লাইসেন্স আবেদন ফরম ও চেকলিস্ট চূড়ান্তকরণ সম্পর্কে।<br><br>সিদ্ধান্তঃ এলপিজি লাইসেন্স আবেদন ফরম ও চেকলিস্ট পর্যালোচনাপূর্বক পরবর্তী সময়ে উপস্থাপন করতে হবে। | পরিচালক (গ্যাস) |
| ১৫৬/১৩ | আলোচ্য বিষয়: পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ এবং বিপণন/বিতরণের জন্য ১টি প্রতিষ্ঠানের অনুকূলে প্রদত্ত সাময়িক লাইসেন্সের মেয়াদ বৃদ্ধির অনুমোদন সম্পর্কে।<br><br>সিদ্ধান্ত: পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ এবং বিপণন/বিতরণের জন্য ১টি প্রতিষ্ঠানের অনুকূলে নিম্নবর্ণিত সাময়িক লাইসেন্সের মেয়াদ বৃদ্ধি বিষয়ে অনুমোদন প্রদান করা হয়<br>১. ট্রাইডেন্ট এজেন্সী লিঃ,আউয়াল সেন্টার, (১০ম তলা), ৩৪ কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী বা/এ, ঢাকা-১২১৩;<br>প্রকার: মজুদকরণ এবং বিপণন/বিতরণ<br>মজুদাগারের ঠিকানা: দাগ-সিএস এবং এসএ-২২, আরএস:২৬, খতিয়ান- এস এ-০৩, আরএস-৩৭/কাত, মৌজা- উত্তর রামচন্দ্রপুর, থানা-সাভার, ঢাকা<br>বার্ষিক চাহিদা: Compressor Oil (ISO-46): 30,000 Liter;<br>লাইসেন্স ফিস: মজুদকরণ ফিস ১৫,০০০/- (পনের হাজার) টাকা দাখিল করেছে<br>বিতরণ ফিস: ৬৫০ (ছয়শত পঞ্চাশ) টাকা দাখিল করেছে।<br>মেয়াদ: ২০/০৬/২০১৭ হতে ১৯/১২/২০১৭ পর্যন্ত। | পরিচালক (পেট্রোলিয়াম) |
| ১৫৬/১৪ | আলোচ্য বিষয়: পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ/বিপণন/বিতরণ এর জন্য ১টি প্রতিষ্ঠানের অনুকূলে প্রদত্ত লাইসেন্স সংশোধনের অনুমোদন সম্পর্কে।<br><br>সিদ্ধান্ত: পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ/বিপণন/বিতরণ এর জন্য নিম্নোক্ত ১টি প্রতিষ্ঠানের অনুকূলে প্রদত্ত লাইসেন্স সংশোধনের অনুমোদন প্রদান করা হয়: | পরিচালক (পেট্রোলিয়াম) |

| | | |
|---|---|---|
| | ১. ক্যানডিড কর্পোরেশন, ১৬ পুরানা পল্টন, ঢাকা-১০০;<br>প্রকারঃ মজুদকরণ এবং বিপণন/বিতরণ<br>মজুদাগার: মৌজাঃ তাজপুর, আশুলিয়া, ঢাকা;<br>চাহিদা: ট্রান্সফরমার অয়েলঃ ৫,০০,০০০ লিটার, লিকুইড প্যারাফিনঃ ২,৫০,০০০ লিটার, প্যারাফিন ওয়াক্সঃ ২,০০,০০০ লিটার এবং প্যারাফিন জেলীঃ ৫০,০০০ লিটার পুনর্বিণ্যাস<br>মেয়াদঃ ১১/০৪/২০১৬ হতে ১০/০৪/২০১৮ পর্যন্ত।<br>সংশোধন ফিস: - ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা। | |
| ১৫৬/১৫ | আলোচ্য বিষয়: পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ/বিপণন/বিতরণ এর জন্য ১টি প্রতিষ্ঠানের অনুকূলে প্রদত্ত সাময়িক লাইসেন্সের সংশোধন ও পরবর্তীতে উন্মুক্ত সভায় উপস্থাপনের মাধ্যমে লাইসেন্স প্রদানের অনুমোদন সম্পর্কে।<br><br>সিদ্ধান্ত: পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ/বিপণন/বিতরণ এর জন্য নিম্নোক্ত ১টি প্রতিষ্ঠানের অনুকূলে প্রদত্ত সাময়িক লাইসেন্সের সংশোধনের অনুমোদন প্রদান করা হয়। বিষয়টি পরবর্তীতে উন্মুক্ত সভায় উপস্থাপন করতে হবে।<br><br>১. মেসার্স মীর ট্রেডিং কর্পোরেশন, হাসিম টাওয়ার (৭ম তলা), রুম -এফ,২০৫/১এ তেজগাও লিংক রোড, ঢাকা;<br>প্রকার: মজুদকরণ এবং বিপণন/বিতরণ<br>মজুদাগার: মৌজাঃ কান্দি বলিয়াপুর, সাভার, ঢাকা<br>চাহিদা: Engine Oil: 2,00,000 Litres, Gear Oil: 1,50,000 Litres, Grease: 60,000 Litres, ATF: 20,000 Litres, Brake Oil: 20,000 Litres, Coolant: 10,000 Litres, Hydraulic Oil, Compressor Oil, Industrial Gear Oil, Knitting Oil, Transformer Oil, Thermo Oil, Machine Oil: 2,50,000 Litres.<br>মেয়াদ: ২৪/০১/২০১৬ হতে ২৩/১১/২০১৭ তারিখ পর্যন্ত।<br>সংশোধন ফিস: ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা। | পরিচালক (পেট্রোলিয়াম) |
| ১৫৬/১৬ | আলোচ্য বিষয়: বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন তহবিল পরিচালনায় করণীয় নির্ধারণ বিষয়ে গঠিত কমিটির প্রস্তাবিত সুপারিশমালার বাস্তবায়ন সম্পর্কে।<br><br>সিদ্ধান্ত: বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন তহবিল পরিচালনায় করণীয় নির্ধারণের বিষয়টি পর্যালোচনাপূর্বক পরবর্তী সময়ে উপস্থাপন করতে হবে। | পরিচালক (অর্থ ও হিসাব) |
| ১৫৬/১৭ | আলোচ্য বিষয়: বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের কর্মকর্তা/কর্মচারীদের রেগুলেটরী ভাতা প্রদান সম্পর্কে।<br><br>আলোচনা: সভায় জানানো হয় যে, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি) আইন, ২০০৩ দ্বারা প্রতিষ্ঠিত একটি স্বাধীন, নিরপেক্ষ ও সংবিধিবদ্ধ সংস্থা। কমিশন বর্তমানে মাত্র ৮১ (একাশি) জনবল নিয়ে দেশের জ্বালানি খাতের উন্নয়নে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। অন্যান্য সংস্থারমত সুযোগ-সুবিধা না থাকায় কমিশনে বর্তমানে নিয়োগকৃত কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে অন্যত্র চলে যাওয়ার প্রবণতা পরিলক্ষিত হচ্ছে। এতে কমিশনের কাজের ধারাবাহিকতা নষ্ট হচ্ছে। এছাড়া রেগুলেটরী সংস্থা হিসেবে কমিশনের কর্মকর্তা-কর্মচারীদের বিভিন্ন রেগুলেশন প্রস্তুত এবং আইন ও ট্যারিফ সম্পর্কিত সম্যক ধারণা অর্জন করতে হয়, যা অত্যন্ত দুরূহ কাজ। সরকারের বিরাট অংকের রাজস্ব আদায়ে কর্মতৎপর থাকতে হয়। কর্মকর্তা-কর্মচারীদের পৃথক কোনো আর্থিক প্রণোদনা নেই এবং পদোন্নতির সুযোগ সীমিত থাকায় কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে চাকুরী ছেড়ে অন্যত্র চলে যাওয়ার প্রবণতা পরিলক্ষিত হয়। কর্মকর্তা-কর্মচারীদের জন্য সরকারী বাসস্থান এবং কর্মচারীদের জন্য যানবাহনের সুযোগ নেই।<br><br>বর্ণিত প্রেক্ষাপট বিবেচনায় কমিশনের কর্মকর্তা-কর্মচারীদের কাজের উৎসাহ বৃদ্ধির লক্ষ্যে দেশে বিদ্যমান বিভিন্ন স্বায়ত্বশাসিত সংস্থা ও প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীগণ তাদের কর্মের প্রকৃতি অনুযায়ী যে সকল আর্থিক সুযোগ-সুবিধা পেয়ে থাকেন তা বিবেচনায় নিয়ে অর্থ বিভাগের সম্মতিক্রমে ২৯/১২/২০১৪ তারিখে অনুষ্ঠিত কমিশনের ১১১তম সভায় (সিএম/১১১/০৩) কমিশনের কর্মকর্তা-কর্মচারীদের জন্য মূল বেতনের ২০% হারে রেগুলেটরী ভাতা (সর্বোচ্চ ৬০০০.০০ টাকা এবং সর্বনিম্ন ১৫০০.০০ টাকা) প্রদানের নীতিগত অনুমোদন দেয়া হয়, যা অর্থ বিভাগ হতে ২০১৪-২০১৫ অর্থবছরের সংশোধিত বাজেটে রেগুলেটরী ভাতা (কোড নং-৪৭৯৫) খাতে মোট ১১,৯২,০০০.০০ (এগার লক্ষ বিরানব্বই হাজার) টাকা বরাদ্দ পাওয়ার পরিপ্রেক্ষিতে জানুয়ারি/২০১৫ মাস হতে প্রচলন করা হয়। এর ধারাবাহিকতায় উক্ত ভাতা প্রদানের সম্মতি, অনুমোদন ও প্রচলনের পরিপ্রেক্ষিতে অর্থবিভাগ হতে ২০১৫-২০১৬ | |

| | | |
|---|---|---|
| | অর্থবছরের অনুমোদিত বাজেটে রেগুলেটরী ভাতা (কোড নং-৪৭৯৫) খাতে মোট ২৪,৯২,০০০.০০ (চব্বিশ লক্ষ বিরানব্বই হাজার) টাকা বরাদ্দ পাওয়া যায়, যা হতে উক্ত অর্থবছরে রেগুলেটরী ভাতা পরিশোধ করা হয়েছে। অপর দিকে, কমিশনের জন্য ২০১৬-২০১৭ অর্থবছরের বাজেটে রেগুলেটরী ভাতা বাবদ ৩৪,৬৭,৭৩৬.০০ (চৌত্রিশ লক্ষ সাতষট্টি হাজার সাতশত ছত্রিশ) টাকা বরাদ্দ রেখে অর্থ মন্ত্রণালয়ের মনিটরিং সেল এ বাজেট প্রেরণ করা হলেও উক্ত খাতে কোনো বরাদ্দ পাওয়া যায়নি।<br><br>উল্লেখ্য, এনার্জি রেগুলেটরী কমিশন তার খরচের শতভাগই নিজস্ব আয় থেকে নির্বাহ করে এবং বর্ণিত রেগুলেটরী ভাতা বাবদ সরকারের কোনো আর্থিক সংশ্লেষ নেই। কমিশন যে সকল প্রতিষ্ঠানকে রেগুলেট করে সে সকল প্রতিষ্ঠানে বিভিন্ন ধরনের আর্থিক সুবিধা রয়েছে, যেমন- বিদ্যুৎ কোম্পানীসমূহে বিদ্যুৎ ভাতা ও উচ্চতর বেতন স্কেল; গ্যাস কোম্পানীসমূহে বিভিন্ন প্রকার প্রান্তিক সুবিধাদি। এছাড়া অন্যান্য কমিশনেও নানা ধরণের আর্থিক সুয়োগ-সুবিধা রয়েছে, যেমন- টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনে মূল বেতনের ১০০% বাড়ী ভাড়া প্রদান করা হয়। অথচ এ কমিশনে কোনো আর্থিক সুবিধা নেই।<br><br>চলতি ২০১৭-২০১৮ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে আনুমানিক ৩৬,০০,০০০/- (ছত্রিশ লক্ষ) টাকা বরাদ্দ রেখে অর্থ মন্ত্রণালয়ের মনিটরিং সেল এ বাজেট প্রেরণ করা হলেও উক্ত খাতে কোনো বরাদ্দ পাওয়া যায়নি। উপরন্তু কমিশনে জানুয়ারি/২০১৫ মাস হতে চালুকৃত একমাত্র আর্থিক প্রণোদনা "রেগুলেটরী ভাতা" প্রদানে অর্থ বিভাগ কর্তৃক অসম্মতি জ্ঞাপন করা হয়েছে। প্রসঙ্গত, ২৮/০৬/২০১৭ হতে ১৭/০৭/২০১৭ পর্যন্ত সময়ে বাণিজ্যিক অডিট অধিদপ্তরের নিরীক্ষা দল নং-০১ কর্তৃক ২০১৩-২০১৬ অর্থবছরের হিসাব নিরিক্ষাকালে ১১ নং অনুচ্ছেদে রেগুলেটরী ভাতা সংক্রান্তে ২৬,৮৫,০০০.০০ টাকার অডিট আপত্তি উত্থাপিত হয়েছে।<br><br>কমিশন যে সকল প্রতিষ্ঠানকে রেগুলেট করে সে সকল প্রতিষ্ঠান এবং বিটিআরসি, এসইসি, মানবাধিকার কমিশনসহ অন্যান্য প্রতিষ্ঠানে বিভিন্ন ধরনের আর্থিক সুবিধা রয়েছে তাই সার্বিক অবস্থা, যৌক্তিকতা ও গুরুত্ব বিবেচনাপূর্বক বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের জন্য রেগুলেটরী ভাতাসহ বিভিন্ন সুযোগ-সুবিধা প্রচলনের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। রেগুলেটরী ভাতাসহ অন্যান্য সুযোগ-সুবিধা সংযোজনপূর্বক কমিশনের আইন অনুসারে কর্মকর্তা-কর্মচারীদের বিদ্যমান চাকুরী প্রবিধানমালা সংশোধনের এবং কমিশনের কর্মকর্তা/কর্মচারীদের জন্য আলাদা বেতন-ভাতা প্রবিধানমালা প্রণয়ন করা প্রয়োজন মর্মে সভায় একমত পোষণ করা হয়।<br><br>সিদ্ধান্ত:<br>(ক) কর্মকর্তা-কর্মচারীদের প্রতি মাসে আহরিত মূল বেতনের ২০% হারে (সর্বোচ্চ ৬০০০.০০ টাকা এবং সর্বনিম্ন ১৫০০.০০ টাকা) রেগুলেটরী ভাতা অব্যাহত/চলমান রাখার লক্ষ্যে প্রয়োজনীয় বরাদ্দ প্রদানের জন্য অর্থ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে;<br><br>(খ) কমিশনের কর্মকর্তা-কর্মচারীদের রেগুলেটরী ভাতাসহ অন্যান্য সুযোগ-সুবিধা প্রদানের লক্ষ্যে বিদ্যমান বিইআরসি কর্মচারী চাকুরী প্রবিধানমালা-২০০৮ সংশোধনে ইত:পূর্বে কমিশন হতে প্রস্তুতকৃত খসড়া প্রবিধানমালাটি পরীক্ষাপূর্বক সরকারি গেজেটে প্রজ্ঞাপন আকারে প্রকাশের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে;<br><br>(গ) কমিশন আইন অনুযায়ী কমিশনের কর্মকর্তা/কর্মচারীদের জন্য আলাদা বেতন-ভাতা প্রবিধানমালার খসড়া প্রণয়নের জন্য নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা হয়:<br><br>১. পরিচালক (গ্যাস), বিইআরসি — সভাপতি<br>২. উপপরিচালক (বিদ্যুৎ), বিইআরসি — সদস্য<br>৩. উপপরিচালক (আইন ও বিধি)(চ:দা:), বিইআরসি — সদস্য<br>৪. উপপরিচালক (কনজ্যুমার অ্যাফেয়ার্স)(চ:দা:), বিইআরসি — সদস্য<br>৫. সহকারী পরিচালক (হিসাব), বিইআরসি — সদস্য-সচিব<br><br>কার্যপরিধি:<br>(ক) অন্যান্য কমিশনের কর্মকর্তা-কর্মচারীদের জন্য বিদ্যমান বেতন-ভাতাসহ সুযোগ-সুবিধা পর্যালোচনা করে বিইআরসি'র কর্মকর্তা-কর্মচারীদের জন্য পৃথক বেতন-ভাতা প্রবিধানমালার খসড়া প্রণয়ন;<br>(খ) ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে কমিশনের নিকট খসড়া প্রবিধানমালা উপস্থাপন।<br><br>কমিটি প্রয়োজনে যে কোন সদস্য কোঅপ্ট করতে পারবে। | সচিব,<br>পরিচালক<br>(অর্থ ও হিসাব) |

| | | |
|---|---|---|
| ১৫৬/১৮ | আলোচ্য বিষয়: ঢাকার আগারগাঁও-এ সরকার কর্তৃক কমিশনের অনুকূলে বরাদ্দকৃত জমিতে নির্মিতব্য নিজস্ব অফিস ভবনের নকশা প্রণয়ন সম্পর্কে।<br><br>আলোচনা: সভায় জানানো হয় যে, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি) এর অনুকূলে সরকার কর্তৃক বরাদ্দকৃত জমিতে (শের-ই বাংলা নগর প্রশাসনিক এলাকার এফ-৪/সি-১ প্লটের ০.২৪৫ একর বা ১৪.৭ কাঠা) নির্মিতব্য অফিস ভবনের জন্য স্থাপত্য অধিদপ্তর কর্তৃক সংশোধিত প্রাথমিক স্থাপত্য নকশা পাওয়া গেছে। এতে কমিশনের চাহিদা প্রতিফলিত হয়নি। কমিশনের চাহিদা অনুযায়ী নকশা প্রণয়নের জন্য উন্মুক্ত প্রতিযোগিতার মাধ্যমে নকশা প্রণয়ন করা যেতে পারে। উন্মুক্ত প্রতিযোগিতায় কমিশনের চাহিদা অনুযায়ী নকশা পাওয়া গেলে তা স্থাপত্য অধিদপ্তর হতে অনুমোদন নেয়া যেতে পারে।<br>সরকার কর্তৃক কমিশনের অনুকূলে বরাদ্দকৃত জমিতে নির্মিতব্য নিজস্ব অফিস ভবনের নকশা প্রণয়ন ও নির্মাণ কাজ উন্মুক্ত প্রতিযোগিতার মাধ্যমে সম্পন্নের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। এ জন্য সংশ্লিষ্ট সকল দপ্তর হতে প্রয়োজনীয় অনুমোদন গ্রহণ করতে হবে মর্মে সভায় জনানো হয়।<br><br>**সিদ্ধান্ত:**<br>**(ক) কমিশনের অনুকূলে বরাদ্দকৃত জমিতে নির্মিতব্য নিজস্ব অফিস ভবনের নকশা প্রণয়ন ও নির্মাণ কাজ উন্মুক্ত প্রতিযোগিতার মাধ্যমে সম্পাদনের জন্য গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় হতে প্রয়োজনীয় অনুমতি গ্রহণ করতে হবে;**<br><br>(খ) অতঃপর কমিশনের নির্মিতব্য নিজস্ব অফিস ভবনের নকশা প্রণয়ন ও নির্মাণ কাজ সম্পন্নের জন্য উন্মুক্ত প্রতিযোগিতার আয়োজন করতে হবে। | সচিব |
| ১৫৬/১৯ | আলোচ্য বিষয়: বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের কর্মকর্তা-কর্মচারীদের বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা নীতিমালা অনুমোদন।<br><br>সিদ্ধান্ত: বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের কর্মকর্তা-কর্মচারীদের বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা নীতিমালা অনুমোদনের বিষয়টি পর্যালোচনাপূর্বক পরবর্তী সময়ে উপস্থাপন করতে হবে। | সচিব |
| ১৫৬/ বিবিধ | বিষয়: সিনহা পিপলস এনার্জি লিঃ এর অনুকূলে পেট্রোলিয়ামজাত পদার্থ (ফার্নেস অয়েল) মজুদকরণ এবং তা সিনহা পিপলস এনার্জি লিঃ এ সরবরাহের নিমিত্তে ইস্যুকৃত লাইসেন্সের মেয়াদ বৃদ্ধিপূর্বক সংশোধনের অনুমোদন সম্পর্কে।<br><br>সিদ্ধান্ত: সিনহা পিপলস এনার্জি লিমিটেড এর অনুকূলে পেট্রোলিয়ামজাত পদার্থ (ফার্নেস অয়েল) মজুদকরণ এবং তা সিনহা পিপলস এনার্জি লিমিটেডে সরবরাহের নিমিত্তে মজুদাগারের বিষয়ে জেলা প্রশাসকের অনাপত্তি দাখিলের শর্ত সাপেক্ষে ইস্যুর তারিখ হতে ০৬/২/২০১৮ পর্যন্ত সাময়িক লাইসেন্স প্রদানের প্রস্তাব অনুমোদন করা হয়। | পরিচালক (পেট্রোলিয়াম) |

৩। সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

| | | | |
|---|---|---|---|
| (মোঃ মিজানুর রহমান)<br>সদস্য | (মোঃ আবদুল আজিজ খান)<br>সদস্য | (মাহমুদউল হক ভূইয়া)<br>সদস্য | (রহমান মুরশেদ)<br>সদস্য |

(মনোয়ার ইসলাম)
চেয়ারম্যান

নং- বিইআরসি/কমিশন সভা/প্রশাঃ২৪৮/২০১৭/৩৮৬৩

তারিখঃ ২ আগস্ট, ২০১৭

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

১। পরিচালক (গ্যাস/পেট্রোলিয়াম/অর্থ ও হিসাব/বিদ্যুৎ), বিইআরসি, ঢাকা।
২। উপপরিচালক (সকল), বিইআরসি, ঢাকা।
৩। চেয়ারম্যানের একান্ত সচিব, বিইআরসি, ঢাকা [মাননীয় চেয়ারম্যানের সদয় অবগতির জন্য]।
৪। উপপরিচালক (গ্যাস) ও আইসিটি সংক্রান্ত কমিটির সদস্য সচিব, বিইআরসি, ঢাকা (বিইআরসি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। সহকারী পরিচালক (প্রশাসন), বিইআরসি, ঢাকা।
৬। সদস্য (সকল) এর ব্যক্তিগত সহকারী, বিইআরসি, ঢাকা [মাননীয় সদস্যের সদয় অবগতির জন্য]।

02.08.17

(মুহঃ সাহিবুবর রহমান)
সচিব
ফোনঃ ৯১৪০১২৫